

সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নম্বরঃ ১২৬১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯৩. ফজরের সুন্নাহের পর বিশ্রাম গ্রহণ করা প্রসঙ্গে

باب الإِضْطِجَاعِ بَعْدَهَا

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، وَأَبُو كَامِلٍ وَعُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ قَالُوا حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ، حَدَّثَنَا الْأَعْمَشُ، عَنْ أَبِي صَالِحٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " إِذَا صَلَّى أَحَدُكُمْ الرُّكْعَتَيْنِ قَبْلَ الصُّبْحِ فَلْيُضْطَجِعْ عَلَى يَمِينِهِ". فَقَالَ لَهُ مَرْوَانُ بْنُ الْحَكَمِ : أَمَا يُجْزَى أَحَدَنَا مَمْشَاهُ إِلَى الْمَسْجِدِ حَتَّى يَضْطَجِعَ عَلَى يَمِينِهِ قَالَ عُبَيْدُ اللَّهِ فِي حَدِيثِهِ قَالَ لَا. قَالَ : فَبَلَغَ ذَلِكَ ابْنَ عُمَرَ. فَقَالَ : أَكْثَرَ أَبُو هُرَيْرَةَ عَلَى نَفْسِهِ. قَالَ فَقِيلَ لِابْنِ عُمَرَ هَلْ تُنْكِرُ شَيْئًا مِمَّا يَقُولُ؟ قَالَ : لَا وَلَكِنَّهُ اجْتَرَأَ وَجِبْنَا. قَالَ : فَبَلَغَ ذَلِكَ أَبَا هُرَيْرَةَ قَالَ : فَمَا ذَنْبِي؟ إِنْ كُنْتُ حَفِظْتُ وَنَسُوا

- صحيح

বাংলা

১২৬১। আবু হুরাইরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের কেউ ফজরের পূর্বে দু' রাক'আত সালাত আদায়ের পর যেন ডান কাতে শুয়ে কিছুক্ষণ বিশ্রাম নেয়। মারওয়ান ইবনুল হাকাম তাকে বললো, আমাদের কেউ যতক্ষণ ডান কাতে শুয়ে বিশ্রাম গ্রহণের সময়টুকুতে মসজিদে রওয়ানা হলে তাকি যথেষ্ট হবে না? 'উবায়দুল্লাহ বর্ণনা করেন যে, তিনি উত্তরে বলেন, 'না'। তিনি বলেন, ইবনু 'উমারের কাছে এ হাদীস পৌছলে তিনি বলেন, আবু হুরাইরাহ (রাঃ) নিজের প্রতি বাড়াবাড়ি করেছেন। তখন কেউ ইবনু 'উমার রাযিয়াল্লাহু 'আনহুমা-কে জিজ্ঞেস করলো, তিনি যা বলেছেন আপনি তার কিছু অস্বীকার করেন? তিনি বলেন, না, তবে তিনি সাহসিকতার পরিচয় দিচ্ছেন, আর আমরা ভীৰুতা ও নমনীয়তা প্রকাশ করছি। বর্ণনাকারী বলেন, ইবনু 'উমারের উজ্জিতে আবু হুরাইরাহ (রাঃ) বললেন, তারা ভুলে গেলে এবং আমি স্মরণে রাখলে আমার দোষ কোথায়?[1]

সহীহ।

English

Narrated AbuHurayrah:

The Prophet (ﷺ) said: If any of you prays two rak'ahs before the dawn prayer, he should lie at his right side.

Marwan ibn al-Hakam said to him: Is it not enough that one of us walks to the mosque until he lies at his right side? According to the version of Ubaydullah, he (AbuHurayrah) replied: No.

This statement (of AbuHurayrah) reached Ibn Umar. He said: AbuHurayrah exceed limits on himself. He was asked: Do you look askance at what he says? He replied: No, but he dared and we showed cowardice. This (criticism of Ibn Umar) reached AbuHurayrah. He said: What is my sin if I remembered and they forgot?

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায় : সালাত, অনুঃ ফাজরের দু' রাক'আত সালাত আদায়ের পর শয়ন করা, হাঃ ৪২০, ইমাম তিরমিযী বলেন, হাদীসটি হাসান ও সহীহ), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্বায়িম, অনুঃ বিতর ও ফাজরের দুই রাক'অতের পর ঘুমানো, হাঃ ১১৯৯), আহমাদ (২/৪১৫) শায়খ আহমাদ শাকির বলেন : এর সানাদ সহীহ। ইবনু খুযাইমাহ (হাঃ ১১২০) সকলে আবু সালিহ হতে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58579>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন